রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ
(রাজশাহী ওয়াসা)
বিমানবন্দর সড়ক, আহম্মদনগর, রাজশাহী-৬২০৩।
wwww.rajshahiwasa.org.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যাবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব সুলতান আব্দুল হামিদ<br>ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা, রাজশাহী |
| সভার স্থান | : | রাজশাহী ওয়াসার সভা কক্ষ |
| তারিখ ও সময় | : | ০৭ অক্টোবর বেলা ১১:৩০ ঘটিকা |
| সভায় উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-'ক' |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি নৈতিকতা কমিটির সদস্য-সচিব (ফোকাল পয়েন্ট)-কে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সদস্য সচিব সভাকে জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ২০২০-২০২১ মেয়াদে রাজশাহী ওয়াসা কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা ইতিঃপূর্বে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে। অতঃপর প্রেরিত কর্মপরিকল্পনার কার্যক্রমসূচি অনুযায়ী সভায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **১। নৈতিকতা কমিটির সভা ও সভার সিদ্ধান্ত বাস্তবায়নঃ**<br>এই বিষয়ে সদস্য সচিব (ফোকাল পয়েন্ট) সভাকে অবহিত করেন যে, কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৪টি সভার মধ্যে ২০২০-২১ মেয়াদে ২য় সভা। নৈতিকতা কমিটির সভাসমূহ যথাসময়ে অনুষ্ঠিত হলেও সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য সভাপতি অভিমত ব্যক্ত করেন। | নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। সদস্য-সচিব, নৈতিকতা কমিটি<br>২। সদস্য (সকল), নৈতিকতা কমিটি |
| **২। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশ গ্রহণ সভাঃ**<br>কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী অংশীজনের অংশ গ্রহণে ২য় এবং ৪র্থ কোয়ার্টারে ০১ টি করে সর্বমোট ০২টি সভা আয়োজন করতে হবে মর্মে সদস্য সচিব (ফোকাল পয়েন্ট) সভাকে জানান। সে প্রেক্ষিতে পূর্ববর্তী সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী অক্টোবর মাসের মধ্যে ০১ টি সভা আয়োজন করার দরকার মর্মে আলোচনা করা হয়। | আগামী ৩১/১০/২০২০খ্রিঃ তারিখের মধ্যে অংশীজনের (Stakeholders) অংশ গ্রহণে ০১টি সভা আয়োজন করতে হবে। | উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন), রাজশাহী ওয়াসা |
| **৩। কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকুরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনঃ**<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে এ মাসের (অক্টোবর/২০) শেষ সপ্তাহে রাজশাহী ওয়াসায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের ০১ দিনের প্রশিক্ষণ আয়োজনের ব্যাপারে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। | আগামী ৩১/১০/২০ তারিখের মধ্যে রাজশাহী ওয়াসায় কর্মরত ৩০ জন কর্মকর্তা-কর্মচারীর অংশগ্রহণে চাকুরীর বিধিমালা সংক্রান্ত ০১ দিনের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে। | সচিব, রাজশাহী ওয়াসা |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| **৪। কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষনের আয়োজনঃ**<br>সভায় উপস্থিত সদস্যগণ জানান যে ওয়াসার কর্মকর্তা-কর্মচারীদের চাকুরী সংক্রান্ত প্রশিক্ষণের পাশাপাশি সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণের প্রয়োজন আছে। এ বিষয়ে সকলেই একমত প্রোষণ করেন। | আগামী ০৫/১১/২০ তারিখের ওয়াসার ৩০(ত্রিশ) জন কর্মকর্তা-কর্মচারীর সমন্বয়ে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা হবে। | সচিব, রাজশাহী ওয়াসা |
| **৫। রাজশাহী ওয়াসার ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করণঃ**<br>সভাপতি এ বিষয়ে জানতে চাইলে সভায় উপস্থিত সদস্য জনাব মোঃ সোহেল রানা, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) সভাকে জানান যে, রাজশাহী ওয়াসার ওয়েবসাইটে উল্লিখিত সেবাবক্স ইতোমধ্যে স্থাপন করা হয়েছে। খুব শীঘ্রই সেবাবক্সটিতে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংযুক্ত করে হালনাগাদ করা হবে। | আগামী ৩১/১২/২০ তারিখের মধ্যে হালনাগাদ তথ্য উল্লিখিত সেবা বক্সে সংযুক্ত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), রাজশাহী ওয়াসা |
| **৬। শাখা/অধিশাখা এবং অধিনস্থ অফিস পরিদর্শনঃ**<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় কোয়ার্টারের ০২ টি পরিদর্শন সম্পন্ন করার নিমিত্তে উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন) তাঁর নিয়ন্ত্রণাধীন ০২টি শাখা পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | নির্ধারিত সময়ের মধ্যে উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন) তাঁর নিয়ন্ত্রণাধীন ০২টি শাখা পরিদর্শন প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা বরাবর দাখিল করবেন। | উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন), রাজশাহী ওয়াসা |
| **৭। সরকার কর্তৃক COVID-১৯ মোকাবেলায় প্রদত্ত বিভিন্ন পরিপত্র অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়নঃ**<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে জানানো যায় COVID-১৯ মোকাবেলায় সরকারের নির্দেশনা অনুযায়ী রাজশাহী ওয়াসার সকল কার্যক্রম গ্রহণ করে আসছে। আসন্ন ২য় ঢেউ মোকাবেলায় এই কার্যক্রম আরও সূচারুভাবে অব্যাহত রাখতে হবে এই মর্মে আলোচনা করা হয়। | রাজশাহী ওয়াসার সকল কর্মকর্তা-কর্মচারী COVID-১৯ ২য় ঢেউ মোকাবেলায় সরকার প্রদত্ত নির্দেশনা মেনে চলা অব্যাহত থাকবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| **৮। শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহারঃ**<br>সভাপতি এ বিষয়ে জানতে চাইলে উপস্থিত সদস্য জনাব মোঃ মাহবুবুর রহমান, নির্বাহী প্রকৌশলী (সিভিল) জানান, ২০২০-২১ অর্থ বছরে আনুমানিক ২(দুই) লক্ষ টাকা বরাদ্দ রয়েছে যার ভিতর ২য় কোয়ার্টারে প্রশিক্ষণ বাবদ সর্বোচ্চ ৫০(পঞ্চাশ) হাজার টাকা খরচ করা যেতে পারে। উক্ত বরাদ্দকৃত অর্থ দিয়ে সুষ্ঠভাবে প্রশিক্ষণ কর্মসূচী প্ররিচালনা করার জন্য সভাপতি মতামত দেন। | ২য় কোয়ার্টারে প্রশিক্ষণের উদ্দেশ্যে বরাদ্দকৃত সর্বোচ্চ ৫০(পঞ্চাশ) হাজার টাকার যথাযথ ব্যায় নিশ্চিত করতে হবে। | উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন), রাজশাহী ওয়াসা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

৭/১০/২০২০

**সুলতান আব্দুল হামিদ**
ব্যবস্থাপনা পরিচালক
ও
আহবায়ক, জাতীয় শুদ্ধাচার কৌশল
বাস্তবায়নে নৈতিকতা কমিটি
রাজশাহী ওয়াসা, রাজশাহী।
ফোন: ০৭২১-৭৬১৬৪০
Email :rajshahiwasa@gmail.com

স্মারক নং-৪৬.১৬.৮১০০.০০১.০০.২৭৪.২১.৫৪৯(৯)

তারিখ ২২ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
০৭ অক্টোবর ২০২০ খ্রিঃ

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ**

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন), রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৩. প্রধান প্রকৌশলী, রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৪. সচিব, রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৫. নির্বাহী প্রকৌশলী (সকল), রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৬. হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিঃ দায়িত্ব), রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৭. অফিস কপি।

**মুহাম্মদ আবদুল হালিম টলষ্টয়**
সচিব
ও
সদস্য-সচিব, জাতীয় শুদ্ধাচার কৌশল
বাস্তবায়নে নৈতিকতা কমিটি
রাজশাহী ওয়াসা, রাজশাহী।
ফোন: ০৭২১-৭৬১৬৩৮
Email :rajshahiwasa@gmail.com

রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ
(রাজশাহী ওয়াসা)
বিমানবন্দর সড়ক, আহম্মদনগর, রাজশাহী-৬২০৩
www.rajshahiwasa.org.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-৪৬.১৬.৮১০০.০০১.০০.২৭৪.২১. ৫৫০(ক)

তারিখ ২২ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
০৭ অক্টোবর ২০২০ খ্রিঃ

## সভার নোটিশ

আগামী ০৭.১০.২০২০খ্রিঃ তারিখ রোজ রবিবার বেলা ১১:৩০ ঘটিকায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে ওয়াসার সভাকক্ষে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**মুহাম্মদ আবদুল হালিম টলষ্টয়**
সচিব
ও
সদস্য-সচিব, জাতীয় শুদ্ধাচার কৌশল
বাস্তবায়নে নৈতিকতা কমিটি
রাজশাহী ওয়াসা, রাজশাহী।
ফোন: ০৭২১-৭৬১৬৩৮
Email :rajshahiwasa@gmail.com

জনাব.......................................................

.........................................................

রাজশাহী ওয়াসা, রাজশাহী।

**অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ**

১. ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা, রাজশাহী।
২. উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন), রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৩. প্রধান প্রকৌশলী, রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৪. এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৫. নির্বাহী প্রকৌশলী (সকল),রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৬. হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিঃ দায়িত্ব), রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৭. প্রশাসনিক কর্মকর্তা, রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৮. অফিস নথি।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির সভায় উপস্থিতির তালিকাঃ

| ক্রঃ নং | নাম ও পদবী | | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব সুলতান আব্দুল হামিদ<br>ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা | আহবায়ক | |
| ২. | জনাব এস.এম. তুহিনুর আলম<br>উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন),<br>রাজশাহী ওয়াসা | সদস্য | |
| ৩. | জনাব মোঃ সোহেল রানা<br>নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), রাজশাহী ওয়াসা | সদস্য | |
| ৪. | জনাব মোঃ মাহবুবুর রহমান<br>নির্বাহী প্রকৌশলী, রাজশাহী ওয়াসা | সদস্য | |
| ৫. | জনাব মুহাম্মদ আবদুল হালিম টলষ্টয়<br>সচিব, রাজশাহী ওয়াসা | সদস্য-সচিব ও<br>ফোকাল পয়েন্ট | ৭.১০.২০২০ |